# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**24 JUNE 2025** **7:45—7:55 PM IST**

==========================================================

(১) জাটিঙ্গা-লামপুরের মধ্যে রেলপথে হওয়া ভুমিধ্বসের জন্যে শিলচর এবং লামডিংয়ের মধ্যে সবধরণের রেলসেবা গতরাত থেকে বন্ধ/ ২৭ নম্বর জাতীয় সড়কের একই স্থানে ধ্বসের ফলে সড়ক পথেও শিলচর-হাফলংয়ের মধ্যে যোগাযোগ বিঘ্নিত/

(২) রাজ্যসরকারের প্রত্যক্ষ নিযুক্তি পরীক্ষায় উত্তীর্ণ বরাক উপত্যকার চতুর্থ শ্রেণীর কর্মচারী পদের প্রার্থীদের নথি পরীক্ষা এবং মৌখিক সাক্ষাৎকার পুনরায় গ্রহণ করা হবে বলে রাজ্যের চতুর্থ শ্রেণীর কর্মচারী নিযুক্তি কমিশনের সচিবের নির্দেশ/

(৩) ও এন জি সি'কে পরিবেশ আইন ভঙ্গ করার জন্য প্রদূষণ নিয়ন্ত্রণ পর্ষদের কারণ দর্শানোর নোটিশ জারি/

এবং

(৪) শিলচরের কাছে রামনগরে গতরাত্রে দুটি বাহন থেকে প্রায় তিন কোটি টাকা মূল্যের গাঁজা বাজেয়াপ্ত এবং তিনজনকে আটক/ কাছাড় জেলার অরুণাচল পুলিশ থানার অর্ন্তগত বালীঘাটের দাসকলোনী এলাকায় নাবালিকাকে ধর্ষণ করার অভিযোগে প্রাক্তন সেনা জওয়ান প্রদীপ কুমার দত্তকে পাঁচ বছরের সশ্রম কারাদন্ড এবং ২১ হাজার টাকা জরিমানা ধার্য।

---

উত্তরপূর্ব সীমান্ত রেলের অধীন জাটিঙ্গা ও লামপুরের মধ্যে রেলপথে প্রবল ভূমি ধ্বসের জন্য লামডিং এবং শিলচরের মধ্যে সবধরণের রেল পরিষেবা গতকাল রাত থেকে বাতিল করা হয়েছে । এর ফলে ১৫৬১৫ গুয়াহাটী -শিলচর এক্সপ্রেস , ১৫৬১১ এবং

১৫৬১২ শিলচর - রঙিয়া এক্সপ্রেস , ১৫৬১৭ এবং ১৫৬১৮ দূর্লভছড়া গুয়াহাটী এক্সপ্রেস , নাহারলগুন - শিলচর এক্সপ্রেস , কাঞ্চনজঙ্ঘা এক্সপ্রেস , তিরুচিরাপল্লী এক্সপ্রেস ট্রেনের যাত্রা লামডিং এবং শিলচরের মধ্যে অনির্দিষ্ট কালের জন্য বাতিল করা হয়েছে ।আগরতলা ও কলকাতার মধ্যে চলাচল করা গরীবরথ এক্সপ্রেস গুয়াহাটী ও কলকাতার মধ্যে চলাচল করবে ।অনুরূপভাবে আগরতলা ও আনন্দবিহারের মধ্যে চলাচল করা তেজস এক্সপ্রেস , শেয়ালদা শিলচর কাঞ্চনজঙ্ঘা এক্সপ্রেস ট্রেনের গন্তব্য ষ্টেশন পরিবর্তন করা হয়েছে । আকাশবাণীর হোজাই সংবাদদাতা জানিয়েছেন যে ট্রেন বাতিলের পরিপ্রেক্ষিতে লামডিং জংশনে বরাক উপত্যকা ও ডিমাহাসাওয়ের যাত্রীদের ভীড় পরিলক্ষিত হচ্ছে । উল্লেখ্য বদরপুরের গেমন সেতু মেরামতের কাজ অব্যাহত থাকা সহ শিলচর - কালাইন সড়কের হারাং সেতু ভেঙ্গে পড়া এবং শিলচর হাফলং সড়কে ভূমি ধ্বসের ফলে বরাক উপত্যকা রেল এবং সড়কপথে দেশের অন্যান্য অংশের সঙ্গে যোগাযোগ বিচ্ছিন্ন হয়ে পড়েছে ।

---

এদিকে ডিমা হাসাও জেলার ২৭ নম্বর জাতীয় সড়কের জাটিঙ্গা ও লামপুর অংশে ভূমি ধ্বসের ফলে শিলচর ও হাফলংয়ের মধ্যে যান বাহন চলাচল বন্ধ করা হয়েছে ।ডিমাহাসাও জেলা আয়ুক্ত তথা জেলা দূর্যোগ ব্যবস্থাপনা কর্তৃপক্ষের অধ্যক্ষ সীমান্ত কুমার দাস যাত্রীদের সুরক্ষা এবং যানবাহনের সুরক্ষার প্রতি লক্ষ্য রেখে দূর্যোগ ব্যবস্থাপনা আইনের সংশ্লিষ্ট ধারার অধীনে এক নির্দেশ জারি করে এই সড়ক দিয়ে সব ধরণের যানবাহন চলাচল বন্ধ করার পরামর্শ দিয়েছেন ।জেলা আয়ুক্ত জাতীয় সড়ক কর্তৃপক্ষ এবং রেল কর্তৃপক্ষকে ভূমিধ্বসের তীব্রতা হ্রাস করা এবং এধরণের দূর্ঘটনা প্রতিরোধ সংক্রান্ত ব্যবস্থা সম্পর্কে কারিগড়ি বিশেষজ্ঞ নিযুক্ত করার নির্দেশ দেন ।

---

রাজ্যসরকারের প্রত্যক্ষ নিযুক্তি পরীক্ষায় উত্তীর্ণ বরাক উপত্যকার চতুর্থ শ্রেণীর কর্মচারী পদের প্রার্থীদের নথি পরীক্ষা এবং মৌখিক সাক্ষাৎকার পুনরায় গ্রহণ করা হবে বলে রাজ্যের চতুর্থ শ্রেণীর কর্মচারী নিযুক্তি কমিশনের সচিবের নির্দেশ দিয়েছেন। উল্লেখ্য- এই প্রার্থীদের চাকরি সংক্রান্ত যাবতীয় নথি পরীক্ষা এবং মৌখিক সাক্ষাৎকার আজ থেকে গুয়াহাটিতে শুরু হয়েছে । তবে শিলচর-হাফলং রুটে ট্রেন এবং সড়ক পথে যাতায়াত বিঘ্নিত হওয়ায় বরাক উপত্যকার তিন জেলা সহ ডিমা হাসাও জেলার প্রার্থীদের এই পরীক্ষা পুনরায় পরে গ্রহণ করা হবে বলে এই নির্দেশে জানানো হয়েছে ।

---

অরুণাচল প্রদেশ , গোয়া মিজোরাম ও কেন্দ্রশাসিত অঞ্চল ক্যাডারের প্রবীণ আই পি এস আধিকারীক শারদ আগরওয়ালকে মিজোরামের নতুন পুলিশ সঞ্চালক প্রধান হিসেবে নিযুক্তি প্রদান করা হয়েছে ।১৯৯৭ সালের ভারতীয় পুলিশ সেবার আধিকারীক শ্রী আগরওয়াল এর পূর্বে দিল্লী পুলিশের অর্থনৈতিক অপরাধ শাখার বিশেষ আয়ুক্ত হিসেবে কার্যনির্বাহ করেছেন ।শ্রী আগরওয়াল বর্তমানের সঞ্চালক প্রধান অনিল শুক্লার কাছ থেকে কার্যভার গ্রহণ করবেন ।

---------------------------------------------------------------------------------------

প্রদূষণ নিয়ন্ত্রণ পর্ষদ, তেল ও প্রাকৃতিক গ্যাস কমিশন- ও এন জি সি’কে পরিবেশ আইন ভঙ্গ করার জন্য কারণ দর্শানোর বিজ্ঞপ্তি জারি করেছে । ও এন জি সি খননের ক্ষেত্রে প্রয়োজনীয় অনুমতি না নিয়ে খননকার্য আরম্ভ করায় অনিয়ন্ত্রিত গ্যাস নির্গমন হচ্ছে বলে অভিযোগ করে পর্ষদ এই বিজ্ঞপ্তি জারি করেছে । পরিবেশ নিয়ন্ত্রণ পর্ষদের জারি করা এক নির্দেশে উল্লেখ করা হয়েছে যে- ও এন জি সি জল সংরক্ষণ এবং প্রদূষণ নিয়ন্ত্রণ আইন-১৯৭৪, বায়ু সংরক্ষণ ও প্রদূষণ নিয়ন্ত্রণ আইন-১৯৮১ এবং বিপদজনক তথা অন্যান্য বিষাক্ত বর্জ্য সামগ্রী নিষ্কাশন নীতি-২০১৬কে ভঙ্গ করার অভিযোগে ১৫ দিনের মধ্যে কারণ দর্শানোর নোটিশ জারি করা হয়েছে ।

---------------------------------------------------------------------------------------

শিবসাগরের রুদ্রসাগর তেলক্ষেত্রের ভাটিয়াপের থাকা ১৪৭ নম্বর তেলকূপ থেকে হওয়া গ্যাস নির্গমন আগামী দুয়েক দিনের মধ্যে সম্পূর্ণ নিয়ন্ত্রণে আনা সম্ভব হবে বলে আশা করা হচ্ছে । তিনজন মার্কিন তেলকূপ বিশেষজ্ঞ- ক্যানেট রাইট, রবার্ট মেলানকন এবং উইলিয়াম ম্যাকডোনাল্ড’এর তত্ত্বাবধানে গ্যাস নির্গমন বন্ধ করার উদ্দেশ্যে চালানো অভিযান আজও অব্যাহত রয়েছে । গ্যাস নির্গমনের উৎস বন্ধ করার জন্য গুয়াহাটি থেকে নেওয়া বুম ক্রেন কাজে লাগানো হয়েছে । উল্লেখ্য- এই তেলকূপের পাঁচশো মিটার ব্যাসার্ধের বাইরের অঞ্চলে ঘরোয়া রান্না আরম্ভ করার অনুমতি দেওয়া হয়েছে ।

---------------------------------------------------------------------------------------

কাছাড় পুলিশ গতকাল রাতে গোপন সূত্রের খবরের ভিত্তিতে শিলচর বাইপাস সংলগ্ন রামনগর আই এস বি টি-র কাছে অভিযান চালিয়ে তিনজন ড্রাগস পাচারকারীকে আটক করেছে । জেলার পুলিশ সুপার নোমাল মাহাতো আমাদের সংবাদদাতাকে জানিয়েছেন যে পুলিশ ত্রিপুরা থেকে আসা দুটি গাড়িতে তল্লাশি চালিয়ে ৫৭৬ দশমিক ৫-৮ কিলোগ্রাম ওজনের ৮৬ টি গাঁজার পেকেট উদ্ধার করেছে যার বাজার মূল্য প্রায় তিন কোটী টাকা হবে বলে অনুমান করা হচ্ছে । ঘটনার তদন্ত শুরু করা হয়েছে বলে পুলিশ সুপার শ্রীমাহাতো জানান ।

---------------------------------------------------------------------------------

কাছাড় জেলার অরুণাচল পুলিশ থানার অর্ন্তগত বালীঘাটের দাসকলোনী এলাকায় বিগত ২০২৩ সালের ফেব্রুয়ারি মাসে একটি নাবালিকাকে ধর্ষণ করার অভিযোগে প্রাক্তন সেনা জওয়ান প্রদীপ কুমার দত্তকে গতকাল জেলার বিশেষ পোকসো আদালত দোষী সাব্যস্ত করেছে । এবং ৫৯ বছর বয়সের এই প্রাক্তন সেনাকর্মীকে পাঁচ বছরের সশ্রম কারাদন্ড দেওয়া হয়েছে এবং ২১ হাজার টাকা জরিমানা ধার্য করা হয়েছে । কাছাড়ের পোকসো আদালতের অতিরিক্ত দায়রা জজ নারায়ণ কুরী এই রায়ের কথা ঘোষণা করেন । উল্লেখ্য- প্রাক্তন এই সেনা জওয়ান নাবালিকাটির মা-বাবা ঘরে অনুপস্থিত থাকার সময় ঘরে প্রবেশ করে মেয়েটির উপর যৌন নির্যাতন চালায় । বেশকয়েকটি শুনানি ও সাক্ষ্যপ্রমাণ পর্যালোচনার পর আদালত গতকাল এই মামলায় চূড়ান্ত রায় দিয়েছে ।

---------------------------------------------------------------------------------

গুয়াহাটির নীলাচল পাহাড়ে অবস্থিত শক্তিপীঠ কামাখ্যা মন্দিরে অম্বুবাচী মহাযোগের আজ তৃতীয় দিনেও উৎসব মুখর পরিবেশ অব্যাহত রয়েছে । সাধু-সন্ন্যাসী এবং দেশি-বিদেশি হাজার হাজার ভক্তের উপস্থিতিতে মন্দির চত্বরে আধ্যাত্মিক পরিবেশ বিরাজ করছে । আজও সকাল থেকে সন্ধ্যা পর্যন্ত অগণিত ভক্ত পায়ে হেঁটে মন্দির পরিক্রমা করেছেন । তবে এইবারের অম্বুবাচী মেলায় অন্যান্য বছরের মতো মেলা আয়োজনের ক্ষেত্রে বিধিনিষেধ জারি করায় ভক্তের সংখ্যা আগের তুলনায় কিছু কম পরিলক্ষিত হয়েছে । মহাযোগের সময়ে যাতে ভক্তদের কোনোধরণের অসুবিধার সম্মুখীন হতে না হয়, তারজন্য পুলিশ প্রশাসনের উচ্চপদস্থ আধিকারিকরা তদারকি অব্যাহত রেখেছেন । আগামী বৃহস্পতিবার সকালে নিবৃত্তির সঙ্গে সঙ্গে দেবীস্নান, নিত্যপূজা সেষ হওয়ার পর মন্দিরের দুয়ার ভক্তদের জন্য পুনরায় খুলে দেওয়া হবে ।

---------------------------------------------------------------------------------

অসম ক্ষুদ্র উন্নয়ন নিগম লিমিটেড এবং কাছাড় জেলা শিল্প ও বানিজ্য কেন্দ্রের যৌথ উদ্যোগে আজ শিলচর আর্বত ভবন রোড সংলগ্ন একটি বিবাহ ভবনে সুক্ষ্ম , ক্ষুদ্র ও মধ্যম শিল্প প্রতিষ্ঠান সমুহের ক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে একটি সচেতনতা সহ ক্ষমতায়ন কর্মশালা অনুষ্ঠিত হয়েছে । জেলা উন্নয়ন আয়ুক্ত নরসিং বে কর্মশালার উদ্বোধন করে বলেন যে এম এস এম ই ক্ষেত্রকে দেশের আর্থ-সামাজিক অগ্রগতির মেরুদন্ড হিসেবে বিবেচনা করা হয় । শ্রী বে আরো বলেন যে স্থানীয় উৎপাদকদের সামগ্রী বাজারজাত করার উদ্দেশ্যে সরকার এম এস এম ই -ক্ষেত্রের আধুনিকীকরনে জোর দিচ্ছে ।

---------------------------------------------------------------------------------